



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd
Worksheet - 14
Class - 2

Subject : Bengali Grammar
Topic : বোধ পরীক্ষণ

Date : 16.09.2020

নীচের অংশটি পড়ে উত্তরগুলি লেখ।

জনক রাজার মেয়ে সীতা। তাঁর যেমন রূপ, তেমন গুণ। জনক রাজার ছিল এক হরধনু। রাজা দশরথের বড় ছেলে রাম সেই হরধনু ভেঙে সীতাকে বিবাহ করলেন।

রাজা দশরথ বুড়ো হয়েছেন। তাই তিনি রামকে রাজা করবেন ঠিক করলেন। এই কথা জেনে রামের সৎমা কৈকেয়ী বাদ সাধলেন। তারই কৌশলে রামকে বনে যেতে হল। সঙ্গে গেলেন সীতা ও রামের ছোট ভাই।

বনে পাতার কুটিরে তাঁরা বাস করতে লাগলেন।

একদিন লঙ্কার রাজা রাবণ সীতাকে চুরি করে নিয়ে গিয়ে তার অশোকবনে রেখে দিলেন। সীতা পাছে সেখান থেকে পালিয়ে যান, তাই রাবণের চেড়ীরা সেখানে তাঁকে সব সময় পাহারা দিতে লাগল। এখানে সীতা রাতদিন শুধু কাঁদতেন আর রামের কথা ভাবতেন।

- ১) সীতা কার মেয়ে?
- ২) রাজা দশরথের বড় ছেলে কে?
- ৩) সীতাকে কে বিবাহ করেন?
- ৪) কে কৌশল করে রামকে বনে পাঠান?
- ৫) রামের সঙ্গে বনে কে কে গিয়েছিলেন?
- ৬) কে সীতাকে চুরি করে নিয়ে গিয়েছিলেন?
- ৭) অর্থ লেখ : চেড়ী
- ৮) শূন্যস্থান পূরণ কর :
অশোকবনে সীতা রাতদিন শুধু _____ আর _____ কথা ভাবতেন।
- ৯) বিপরীত শব্দ লেখ : গুণ
- ১০) বহুবচনের রূপ লেখ : মেয়ে
- ১১) প্রতিশব্দ লেখ : জনক
- ১২) লিঙ্গ পরিবর্তন কর : ভাই

Rita Das